



নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ

লাকসাম, কুমিল্লা।



বিজ্ঞপ্তি

২২ জুলাই ২০২২খ্রি.

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ২০২২-২২ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষের ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণরূপে অনলাইনে সম্পন্ন হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয় প্রকাশিত ২য় মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীরা নিম্নের পদ্ধতি অনুসরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০১. আগামী ২৮/০৭/২০২২ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট app1nu.edu.bd হতে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

২. কলেজের ওয়েবসাইট www.nfgc.edu.bd এ প্রবেশ করে HONS ADMISSION 2021-22 লিংকে দেয়া ভর্তির তথ্যফরম পূরণ করে নির্ধারিত স্থানের ছবি আপলোড করতে হবে।

৩. তথ্য ফরমটি ডাউনলোড করে প্রিন্ট করার পর বিকাশ লিংকে নির্ধারিত ভর্তি ফি জমা দিতে হবে এবং বিকাশ পেমেন্ট রশিদ প্রিন্ট করতে হবে।

৪. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম, কলেজে তথ্য ফরম ও বিকাশ পেমেন্ট রশিদসহ আগামী ২৩ জুলাই হতে ২৮ জুলাইয়ের মধ্যে সরাসরি সংশ্লিষ্ট বিভাগে নিম্নে উল্লিখিত সমুদয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ভর্তি প্রক্রিয়াসংশ্লিষ্ট সকল ফি ব্যাংকিং মাধ্যমে জমা দিতে হবে, কোন ধরনের নগদ লেনদেন করা যাবে না। ভর্তি সংক্রান্ত কাজে শিক্ষার্থী ব্যতিত অন্য কেহ বিভাগে প্রবেশ করবে না। সবাইকে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

ভর্তি প্রক্রিয়ার আনুষঙ্গিক কাগজপত্র :

ক. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম

খ. কলেজের ওয়েবসাইট হতে পূরণকৃত তথ্য / ভর্তি ফরম

গ. বিকাশ পেমেন্ট রশিদ

ঘ. উচ্চ মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের মূলকপি ও দুইটি ফটোকপি

ঙ. উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের প্রশংসাপত্রের মূলকপি ও দুইটি ফটোকপি

চ. প্রাথমিক আবেদন ফরমের কপি

ছ. পাসপোর্ট সাইজ ফটো ৩ কপি

উল্লিখিত কাগজসমূহ একটি খামের উপর নাম, রোল ও মোবাইল নাম্বার লিখে বিভাগে জমা দিতে হবে।

যেকোনো তথ্যের জন্য কলেজের ওয়েবসাইট www.nfgc.edu.bd এবং NFGC Online Classes গ্রুপ ভিজিট করবে।

এ এফ এম হাফিজুর রহমান

সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান

ও

আহ্বায়ক

অনার্স ভর্তি কমিটি ২০২১-২২

নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ।